একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
দুর্যোগ আশ্রয়কেন্দ্র নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.১৮.০০১..১৯.৭৩৪ | তারিখ : ২৩/৬/২০২৫ খ্রি.

**বিষয়: দুর্যোগ আশ্রয়কেন্দ্র নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাব প্রেরণ।**

সূত্র: বাংলাদেশ পরিকল্পনা কমিশন, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, খাদ্য ও সার-মনিটরিং অনুবিভাগ এর স্মারক নং ২০.০৪.০০০০.৩২২.১৪.০১৯.২২-১২০; তারিখ: ২৪/০৭/২০২৫ খ্রি.

বর্ণিত বিষয়ের আলোকে আপনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুর্যোগ আশ্রয়কেন্দ্র নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে দূর্গম এলাকায় ৪৫০টি দুর্যোগ আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হচ্ছে। দুর্যোগকালীন সময়ে যথাযথ ব্যবহার নিশ্চিত এবং দেশের শিক্ষা কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক প্রকল্প বাস্তবায়ন জরুরি। দুর্যোগ আশ্রয়কেন্দ্রের শুষ্ঠু ব্যবহার এবং সংরক্ষণ ও সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকল্পে শিক্ষা প্রতিষ্ঠান প্রস্তাব অগ্রগন্য এবং এতে প্রান্তিক জনগণ সরাসরি উপকৃত হয়ে থাকে।

শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্রভিত্তিক স্থানে প্রকল্প বাস্তবায়নের জন্য আপনাদের সহযোগিতা কামনা করছি। এতে প্রকল্পসমূহ বাস্তবায়নে যে জমির প্রয়োজন হয় তার ব্যবহার নিশ্চিত হবে মর্মে নিম্নস্বাক্ষরকারী মনে করে। দেশের আপামর জনসাধারণ সরাসরি যুক্ত হওয়ায় এ প্রকল্প ভবিষ্যতে আশাব্যঞ্জক ভূমিকা রাখবে মর্মে আমরা আশাবাদী।

এমতাবস্থায়, আপনার উপজেলায় শিক্ষা প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দিয়ে নতুন দুর্যোগ আশ্রয়কেন্দ্র নির্মাণের নিমিত্তে সংযুক্ত ছক মোতাবেক প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্ত: ছক (১ ফর্দ)

০৭/০৮/২৫

মোঃ মনোয়ার হোসেন
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক
ফোন: ০১৭২০১৪০৪৭৭
E-mail: pd.disastershelter@ddm.gov.bd

১। উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা ..............., জেলা .................।

২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
উপজেলা ..............., জেলা .................।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০২। জেলা প্রশাসক (সকল)
০৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
০৪। সংরক্ষণ নথি।

CamScanner
CamScanner

# দুর্যোগ আশ্রয় কেন্দ্র নির্মাণ সংস্কার ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল/কলেজ/মাদ্রাসা) নির্বাচনের ক্ষেত্রে নির্ধারিত শর্তাবলীঃ

১। দুর্যোগ আশ্রয় কেন্দ্র নির্মাণ কেন্দ্র নির্মানের লক্ষ্যে **ক্যাটাগরি-A এর জন্য ০.৯৯ একর, ক্যাটাগরি-B এর জন্য ১.১৬ একর ও ক্যাটাগরি-C এর জন্য ১.৮৫ একর জমি প্রয়োজন।** A ও B ক্যাটাগরির আশ্রয়কেন্দ্রসমূহে একটি ক্যাটেল শেড ও একটি খেলার মাঠ নির্মাণ করা হবে। C ক্যাটাগরির দুর্যোগ আশ্রয়কেন্দ্রে একটি তিনতলা ভবন, একটি ক্যাটেল শেড ও একটি খেলার মাঠ নির্মাণ করা হবে।

২। উপযুক্ততা যাচাই বাছাই পূর্বক নিম্নোক্ত তথ্যসমূহ বিবেচনায় নিয়ে প্রস্তাব দ্রুততম সময়ের মধ্যে প্রকল্প পরিচালক (দুর্যোগ আশ্রয় কেন্দ্র নির্মাণ সংস্কার ও উন্নয়ন প্রকল্প) বরাবর প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো:

**(ক) প্রস্তাবিত স্থানটি বন্যাপ্রবণ অথবা ঘূর্ণিঝড়প্রবণ এলাকায় অবস্থিত কি না।**

**(খ দুর্যোগ আশ্রয় কেন্দ্র নির্মাণের জন্য শ্রেণি অনুযায়ী জমি রয়েছে কি না।**

**(গ) প্রস্তাবিত জমিটি নিষ্কণ্টক কি না।**

**(ঘ) শিক্ষা প্রতিষ্ঠান হলে দুর্যোগ আশ্রয় কেন্দ্র নির্মাণের ফলে খেলার মাঠ ক্ষতিগ্রস্ত হবে কি না।**

**(ঙ) পুকুর বা জলাধার ভরাটের প্রয়োজন হবে কি না।**

**(চ) সার্বিক বিবেচনায় প্রস্তাবিত দুর্যোগ আশ্রয় কেন্দ্র নির্মাণের প্রয়োজনীয়তা রয়েছে কি না।**

**বিষয়টি অতিব জরুরী**



CamScanner

## দুর্যোগ আশ্রয়কেন্দ্র নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্পের প্রয়োজনীয় তথ্যাদির চেক লিস্ট

**প্রতিটি দুর্যোগ আশ্রয়কেন্দ্রের জন্য পৃথক ছক**

১। জেলার নাম -

২। উপজেলার নাম -

৩। প্রস্তাবিত দুর্যোগ আশ্রয়কেন্দ্রের -

ক) নাম -
খ) ইউনিয়ন -
গ) মৌজা -
ঘ) খতিয়ান নম্বর -
ঙ) দাগ নম্বর -
চ) জমির পরিমাণ (একর)- ( দৈর্ঘ্য............., প্রস্থ................)।
ছ) জমির মালিকানা (সংযুক্ত মালিকানার বিবরণ) -
জ) বিদ্যমান দুর্যোগ আশ্রয়কেন্দ্র নির্মাণকারী সংস্থার নাম ও সন (যদি থাকে)- বর্তমান অবস্থা-
ঝ) দুর্যোগ আশ্রয়কেন্দ্রের সাথে যোগাযোগ ব্যবস্থার বিবরণ-
ঞ) দুর্যোগ আশ্রয়কেন্দ্রের নিকটবর্তী অন্য কোন স্থাপনা ও দুরত্ব (বন্যা/ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র/স্কুল/কলেজ/মাদ্রাসা) -
ট) দুর্যোগ আশ্রয়কেন্দ্রের চতুর্পাশ্বে নিকটবর্তী জনবসতি/গ্রামের নাম ও দুরত্ব (কিঃমিঃ)
উত্তর-..............., দক্ষিণ-..............., পূর্ব-............., পশ্চিম-.............
ঠ) দুর্যোগ আশ্রয়কেন্দ্রটি বন্যা প্রতিরোধক বাঁধের ভিতরে না বাইরে? (নদী হতে নিকটতম দূরত্ব)
ড) দুর্যোগ আশ্রয়কেন্দ্রর আওতায় সুবিধাভোগী জনসংখ্যা-
ঢ) দুর্যোগ আশ্রয়কেন্দ্রর আওতাধীন এলাকায় গবাদীপশুর সংখ্যা-
ণ) প্রস্তাবিত আশ্রয়কেন্দ্রটি কি বহুমূখী ব্যবহারযোগ্য কিনা: হলে কি হিসেবে ব্যবহার করা হবে-
ত) প্রস্তাবিত স্থানের অক্ষাংশ(Latitude)............... দাঘ্রিমাংশ(Longitude)......... (যদি থাকে)
থ) প্রস্তাবিত স্থানে বিদ্যুৎ (Electricity)আছে কিনা
দ) প্রস্তাবিত প্রকল্প সাইটে সুপেয় পানি সরবরাহের ব্যবস্থা আছে কিনা। (গভীর/অগভীর নলকুপ/অন্যান্য)

৪। দুর্যোগ আশ্রয়কেন্দ্রে নির্মাণের জন্য প্রয়োজনীয় কি ধরণের কাজ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন)-

- o মাটির কাজ (মাটি ভরাট)
- o ক্যাটেল শেডসহ মাটির কাজ
- o দোতলা/তিন তলা আশ্রয়কেন্দ্র নির্মাণ
- o সংযোগ রাস্তা
- o অন্যান্য (বিবরণ দিন)-

৫। বিদ্যমান জমির দখল/পরিচালনা/ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্যাদি লিপিবদ্ধ করুন-

৬। সার্বিক মতামত (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করা যাবে)-

বি:দ্র:-জমি সংক্রান্ত তথ্য চৌহাদ্দিসহ ট্রেসিং পেপারে সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে এবং প্রস্তাবিত স্থানের রঙিন ছবি (বিভিন্ন এংগেল হতে) সংযুক্ত করতে হবে।

(পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সিল)

Ask AI
CamScanner